AMF (14 PD) 15.4.19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৫.১৯.১৪৮

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৫
১১ এপ্রিল ২০১৯

বিষয়ঃ "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (গোপালগঞ্জ জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৩ এপ্রিল ২০১৯ তারিখে "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (গোপালগঞ্জ জোন)" শীর্ষক প্রকল্পের উপর ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: shamimrafi1968@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৩। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা, ঢাকা
৪। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৫। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৯। প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গোপালগঞ্জ জোন)
১০। উপপ্রধান (কার্যঃ ও এডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

প্রকল্পের প্রয়োজনে আমন্ত্রিত কর্মকর্তাগণ:

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর সড়ক সার্কেল, ফরিদপুর
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, রাজবাড়ী
৪। নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

"গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (গোপালগঞ্জ জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০৩ মার্চ ২০১৯
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	ভবন নং-৭, কক্ষ নং-৮২১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
উপস্থিতি	...

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি মোট ৩৯৫৪৯.০০ লক্ষ টাকা ব্যয়ে ০১ মার্চ ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত। প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হল গোপালগঞ্জ জোনের আওতাধীন রাজবাড়ী সড়ক বিভাগের ২টি আঞ্চলিক মহাসড়ক প্রশস্তকরণ, পুনঃনির্মাণ ও মজবুতিকরণের মাধ্যমে যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীত করা। উন্নত ও নিরাপদ সড়ক ব্যবস্থা স্থাপন করা। দেশের সকল স্তরের মানুষের জন্য সাশ্রয়ী (সময় ও অর্থ) কার্যকরী রুট হিসেবে গড়ে তোলা। প্রকল্প এলাকার পশ্চাদপদ জনগনের সার্বিক আর্থ-সামাজিক অবস্থার উন্নতি সাধন করা। গত ১৫-১০-২০১৮ তারিখে উক্ত প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রয়োজনীয়তার নীরিখে প্রকল্পটি সংশোধনের সুপারিশ করা হয়। প্রকল্পের কিছু কিছু অঙ্গের ব্যয় হ্রাস/বৃদ্ধির ফলে প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে ব্যয় ধরা হয়েছে ৪০৬৫৯.৮৫ লক্ষ টাকা। অর্থাৎ ব্যয় বৃদ্ধি পেয়েছে ১১১০.৮৫ লক্ষ টাকা (২.৮১%) এবং বাস্তবায়নকাল ০১ মার্চ ২০১৭ হতে ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।

২.২ উপপ্রধান (কার্যক্রম ও এডিপি) সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট পরিপত্র অনুযায়ী ১ম বার কোন নতুন অঙ্গ সংযোজন ব্যতিরেকে মোট প্রকল্প ব্যয়ের ১৫% বা ৪০.০০ কোটি টাকা (যা কম) হ্রাস/বৃদ্ধি হলে এবং ১ম বারের মত বাস্তবায়নকাল ১ (এক) বছর বৃদ্ধি করা হলে ডিপিইসি সভার সুপারিশক্রমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী সংশোধিত ডিপিপি অনুমোদন করতে পারেন।

৩. আলোচনাঃ

৩.১ ডিপিপি সংশোধনের কারন হিসেবে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, রাজবাড়ী পৌরসভার ৪-লেন অংশে প্রয়োজনীয়তার আলোকে কনক্রিট ইউ-ড্রেনের প্রশস্ততা ও গভীরতা বৃদ্ধি করা প্রয়োজন। এক্ষেত্রে উক্ত অঙ্গে ১৮.৩৫ কোটি টাকা নির্মাণ ব্যয় বৃদ্ধি পাবে। ভুমি অধিগ্রহণের মূল্য বৃদ্ধিজনিত কারনে প্রায় ৮.৫৪ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন হবে এবং এ বরাদ্দ মে ২০১৯ এর মধ্যে পরিশোধ করতে হবে। ডিপিপি অনুযায়ী Existing Pavement এ ২০০ মি.মি. বেইজ টাইপ-১ দ্বারা Strengthening এর সংস্থান আছে। কিন্তু বাস্তব অবস্থার প্রেক্ষিতে Existing Pavement এ ১৫০ মি.মি. বেইজ টাইপ-২ এর একটি অতিরিক্ত পেভমেন্ট স্তর প্রয়োজন হওয়ায় ডিজাইন বিভাগ কর্তৃক আবশ্যকতা যাচাই পূর্বক নতুন ডিজাইন সংগ্রহ করায় সে অনুযায়ী ১.৬৯ কোটি টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের জমি সওজ'র অনুকুলে হস্তান্তরের ফলে বিদ্যমান বাউন্ডারী ওয়াল অপসারণপূর্বক পুন:নির্মাণ করা প্রয়োজন হবে। সেক্ষেত্রে, বাউন্ডারি ওয়াল পুনঃনির্মাণে ২৬.১৯ লক্ষ টাকার প্রয়োজন হবে। আহলাদীপুর-রাজবাড়ী-পাংশা-কুমারখালী-কুষ্টিয়া (আর-৭১০) আঞ্চলিক মহাসড়কের ৫ম কিলোমিটারে সড়কের দুই

পার্শ্বের এলাকার পানি নিষ্কাশনের নিমিত্তে একটি ২.০ মিটার আরসিসি বক্স কালভার্ট, ১০ম কিলোমিটারে সড়কের দুই পার্শ্বের ড্রেণের পানি যথাযথভাবে নিষ্কাশনের নিমিত্তে ক্রস ড্রেণ আকারে ১টি ২.০ মিটার আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, এবং সড়কের ১৫তম কিলোমিটারে বাগমারা নামক স্থানে একটি ইন্টারসেকশন স্থানে Existing কালভার্ট-এর পাশে একটি ১০.০ মিটার কালভার্ট নির্মাণ করা প্রয়োজন বিধায় ১.৭২ কোটি টাকা ব্যয় বৃদ্ধি পাবে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

৩.২ প্রকল্পের আওতায় বিদ্যমান সড়কে যে ২৮টি কালভার্ট রয়েছে তা প্রশস্তকরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। কার্যক্রম বিভাগের প্রতিনিধি ২৮টি কালভার্ট প্রশস্তকরণের ব্যয় প্রাক্কলনের বিষয়ে জানতে চাইলে সংস্থা থেকে জানানো হয় যে, যানবাহন চলাচলের সুবিধার জন্য বিদ্যমান কালভার্টগুলো গড়ে প্রায় ১২ ফুট প্রশস্ততা বৃদ্ধির প্রয়োজন হবে এবং সেক্ষেত্রে প্রায় ১৩.০০ কোটি টাকা দরকার। এ পর্যায়ে ২৮টি কালভার্ট প্রশস্তকরণের জন্য প্রাক্কলিত ব্যয় প্রস্তাবিত ডিপিপিতে অন্তর্ভুক্তির জন্য সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। এক্ষেত্রে, মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে ০৬ মাস মেয়াদ বৃদ্ধির বিষয়েও সভায় আলোচনা হয় এবং মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডি'র প্রতিনিধিসহ উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।

৪. সুপারিশ/সিদ্ধান্তঃ

৪.১ রাজবাড়ী পৌরসভার ৪-লেন অংশে কনক্রিট ইউ-ড্রেনের প্রশস্ততা ও গভীরতা সংশ্লিষ্ট পৌরসভার সাথে আলোচনা করে এর ডিজাইন পুনঃযাচাই করে নির্ধারণ করতে হবে;

৪.২ ভূমি অধিগ্রহণের মূল্য বৃদ্ধিজনিত কারনে অতিরিক্ত ৮.৫৪ কোটি টাকা প্রয়োজন হচ্ছে মর্মে ডিপিপি'তে উল্লেখ করতে হবে;

৪.৩ নতুন ডিজাইন অনুযায়ী ডিপিপি'তে বিদ্যমান পেভমেন্ট এর অতিরিক্ত পেভমেন্ট স্তরের প্রয়োজন হওয়ায় ১.৬৯ কোটি টাকা ব্যয় নির্ধারণ করতে হবে;

৪.৪ মহাসড়কের ৫ম কিলোমিটারে সড়কের দুই পার্শ্বের এলাকার পানি নিষ্কাশনের নিমিত্তে একটি ২.০ মিটার আরসিসি বক্স কালভার্ট, ১০ম কিলোমিটারে সড়কের দুই পার্শ্বের ড্রেণের পানি যথাযথভাবে নিষ্কাশনের নিমিত্তে ক্রস ড্রেণ আকারে ১টি ২.০ মিটার আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, এবং সড়কের ১৫তম কিলোমিটারে বাগমারা নামক স্থানে একটি ইন্টারসেকশন স্থানে Existing কালভার্ট-এর পাশে অন্য একটি ১০.০ মিটার কালভার্ট নির্মাণ করার সংস্থান ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে;

৪.৫ প্রকল্পের আওতায় বিদ্যমান সড়কে যে ২৮টি কালভার্ট রয়েছে তার প্রশস্ততা প্রয়োজন অনুযায়ী বৃদ্ধির সংস্থান রাখতে হবে ;

৪.৬ প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মেয়াদকাল ০৬ মাস বৃদ্ধি করতে হবে;

৪.৭ প্রস্তাবিত সংশোধিত ডিপিপি পুনর্গঠন করে আগামী ০৭ কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং

৪.৮ উপরোক্ত সুপারিশমালা ৪.১-৪.৭ এর আলোকে অদ্যকার ডিপিইসি সভায় প্রকল্পটির সংশোধিত ডিপিপি অনুমোদের জন্য সুপারিশ করা হল।

৫. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৫.১৯.১৪৮

তারিখ: ২১ চৈত্র ১৪২৫
০৪ এপ্রিল ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) কার্যক্রম ও এডিপি (SWO)

মোঃ সামীমুজ্জামান
উপপ্রধান